আজকের কাগজ

তারিখ ...2.3 OCT 1992... ...
পৃষ্ঠা... ৬ ......কলাম .. ৬ ...

45

# লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা যাত্রাগানের ব্যবসায়

ছাত্রদের পড়াশুনার উৎসাহদানের পরিবর্তে যাত্রাগান দেখার জন্যে উৎসাহিত করছেন লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা।

প্রকাশ, নড়াইল জেলার লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের উদ্যোগে গত ১৩ অক্টোবর থেকে উক্ত বিদ্যালয়ে যাত্রাগান শুরু হয়েছে। যাত্রাগানের পাশাপাশি শুরু হয়েছে জুয়া খেলা। বেশিরভাগ তরুণরা জুয়া খেলাকে গ্রহণ করেছে।

এদিকে শিক্ষকরা যাত্রাগান দেখার জন্যে ছাত্রদের জন্যে ১০ টাকা মূল্যের টিকিট নিতে উৎসাহী করছে। কোনো কোনো শিক্ষক যাত্রাগানের প্রচারে অংশ নিচ্ছে। জনমনে প্রশ্ন শিক্ষকদের মন-মানসিকতা যদি এমন হয় তাহলে ছাত্রদের অবস্থা কি হবে? লোহাগড়া থেকে কাগজ প্রতিনিধি।